রেজিস্ট্রারের কার্যালয়
ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ
ক্যালিয়াকৈর, গাজীপুর-১৭৫০
ওয়েব: www.uftb.ac.bd
ই-মেইল: registrar@uftb.ac.bd

Office of the Registrar
University of Frontier Technology, Bangladesh
Kaliakair, Gazipur-1750
Web: www.uftb.ac.bd
E-mail: registrar@uftb.ac.bd

স্মারক: ৩৭.০১.৩৩০৫.০৩৩.৬০.০১৫.২৫.৪৯০৪

তারিখ: ২২শে জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০৬ জুন ২০২৬

নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জিএসটি গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী ১ম মেধা তালিকায় বিষয়প্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে ৫০০০/- (পাঁচ হাজার টাকা) প্রদান করার সময়সীমা আগামী **০৭/০৬/২০২৬ খ্রি. তারিখ, রোজ রবিবার, দুপুর ১২:০০টা হতে ১০/০৬/২০২৬ খ্রি. তারিখ, রোজ বুধবার, রাত ১১:৫৯টা পর্যন্ত**।

নির্ধারিত সময়ের মধ্যে ফি প্রদানকারী শিক্ষার্থীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র জমাদানের সময়সীমা **০৮/০৬/২০২৬ খ্রি. তারিখ, রোজ সোমবার, হতে ১১/০৬/২০২৬ খ্রি. তারিখ, রোজ বৃহস্পতিবার, প্রতিদিন সকাল ১০:০০ টা হতে বিকাল ৩:০০ টা পর্যন্ত**।

অনলাইনে ৫০০০/- (পাঁচ হাজার টাকা) ফি প্রদানকারী শিক্ষার্থীদের মধ্যে যে সকল শিক্ষার্থী ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ এ এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র (Mark Sheet/Grade Sheet) জমা দিয়ে প্রাথমিক ভর্তি নিশ্চায়ন করতে ইচ্ছুক তাদের **এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র (Mark Sheet/Grade Sheet) একটি A4 সাইজের খামে ভরে, খামের উপর আবেদনকারীর GST রোল নম্বর লিখে খামসহ সশরীরে উপস্থিত হয়ে** নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী জমা প্রদান করে প্রাথমিক ভর্তি নিশ্চিত করতে হবে। জমাদানের সময় ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র অবশ্যই প্রদর্শন করতে হবে এবং জমাদানের পরে টেকনিক্যাল কমিটির সদস্য কর্তৃক স্বাক্ষর ও সিল দেওয়া একটি জমাদান স্লিপ সংগ্রহ করতে হবে।

তারিখ ও বার	সময়	মূল নম্বরপত্র জমাদানের স্থান
০৮/০৬/২০২৬ খ্রি. সোমবার	সকাল ১০:০০ টা হতে বিকাল ৩:০০ টা	একাডেমিক ভবন-১ ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ। কালিয়াকৈর, গাজীপুর-১৭৫০
০৯/০৬/২০২৬ খ্রি. মঙ্গলবার		
১০/০৬/২০২৬ খ্রি. বুধবার		
১১/০৬/২০২৬ খ্রি. বৃহস্পতিবার		

6.6.26
(মুহাম্মদ আতাউর রহমান খান)
রেজিস্ট্রার
ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ।

রেজিস্ট্রারের কার্যালয়
ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ
কালিয়াকৈর, গাজীপুর-১৭৫০
ওয়েব: www.uftb.ac.bd
ই-মেইল: registrar@uftb.ac.bd

Office of the Registrar
University of Frontier Technology, Bangladesh
Kaliakair, Gazipur-1750
Web: www.uftb.ac.bd
E-mail: registrar@uftb.ac.bd

স্মারক: ৩৭.০১.৩৩০৫.০৩৩.৬০.০১৫.২৫.৪৯০৪

তারিখ: ২২শে জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০৬ জুন ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সকল ডিন, ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ।
২. সকল দপ্তর/বিভাগীয় প্রধান, ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ।
৩. পিএস টু ভিসি, ভাইস চ্যান্সেলর দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ।
৪. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ।
৫. অফিস কপি / নোটিশ বোর্ড, ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ।

06/06/2026
সহকারী রেজিস্ট্রার
ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ।